

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিদেশ প্রশিক্ষণ শাখা

www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৪.২২.৪১৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯

২৭ নভেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **JDS বৃত্তির অধীন জাপানে অনুষ্ঠয় মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান**


Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা, জুডিসিয়াল সার্ভিস, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রথম শ্রেণির কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে <http://jds-scholarship.org> ওয়েবসাইট হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং আবেদন **আগামী ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে** নিম্নোক্ত ঠিকানায় সরাসরি পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)

JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.

শর্তসমূহ :

- সংযুক্ত ও অনলাইনে প্রাপ্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৩ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং চাকরি স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তীরাই আবেদন করতে পারবেন;
- আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
- কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করা হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক স্মারক অনুযায়ী যারা ইতিপূর্বে চাকরিরত অবস্থায় প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই;
- কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।



২৮-১১-২০২২

মৌসুমী সরকার রাখী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ
- ৬) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) Country Director, JICE, JDS Project Office in Bangladesh, L-261, The Pan Pacific Sonargaon Hotel, 107, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh.
- ১২) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)